ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৪১৪

আগরতলা, ২৯ এপ্রিল, ২০২৫

**আগামীকাল টিবিএসই পরিচালিত মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষার ফলাফল ঘোষণা**

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত ২০২৫ সালের উচ্চতর মাধ্যমিক, মাধ্যমিক, মাদ্রাসা ফাজিল এবং মাদ্রাসা আলিম পরীক্ষার ফলাফল আগামীকাল প্রকাশিত হবে। ৩০ এপ্রিল দুপুর ১২টায় পর্ষদের মিলনায়তনে এক সাংবাদিক সম্মেলনের মাধ্যমে পর্ষদের সভাপতি পরীক্ষার ফলাফল ঘোষণা করবেন। পরীক্ষার্থীরা অন্যান্য বছরের মতো এবারও নিম্নলিখিত ওয়েবসাইটগুলির মাধ্যমে দুপুর ১২টা ৩০ মিনিট থেকে পরীক্ষার ফল (প্রভিশনাল) জানতে পারবে। ওয়েবসাইটগুলি হচ্ছে www.tbse.tripura.gov.in, www.tbresults.tripura.gov.in, www.tripurainfo.com, www.jagaranjosh.com, www.results.shiksha, www.indianexpress.com ।

পরীক্ষার মার্কশিট এবং সার্টিফিকেট বিতরণের স্থান ও তারিখ পরবর্তী সময়ে জানানো হবে। পর্ষদের সচিব ড. দুলাল দে এক বিজ্ঞপ্তিতে এই তথ্য জানিয়েছেন।

*****